লন্ডনে ‘রাউই’ নাশীদ’র অভিষেক ও সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠিত

ডেস্ক রিপোর্ট: বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্যে লন্ডনে অনুষ্ঠিত হলো নতুন নাশীদ ব্যান্ড ‘রাউই’র অভিষেক অনুষ্ঠান ও সাংস্কৃতিক সন্ধ্যা। গত সোমবার লন্ডন মুসলিম সেন্টারে ব্রিটেনের বাংলাদেশী প্রথিতযশা শিল্পী, সুরকার ও গীতিকারদের সমম্বয়ে গঠিত এ ব্যান্ডের জমকালো অভিষেক হয়।

অনুষ্ঠানে বাংলাদেশী কমিউনিটির বিশিষ্ট ব্যাক্তিবর্গ, মিডিয়া ও নানান পেশার বিশিষ্ট ব্যাক্তিগণ অংশ নেন এবং বক্তব্য রাখেন। শিল্পী আকিল আল-ফারাদী, মতিউর রহমান খালেদ ও শাহীদ ফালাহীর সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতে কুরআন তিলাওয়াত করেন হাফেজ মাহফুজুর রহমান। এরপর ‘রাউই’র নব গঠিত কমিটির সদস্যদের নাম ঘোষণা ও পরিচয় পর্বের মাধ্যমে শেষ হয় অনুষ্ঠানের প্রথম পর্ব।

নবগঠিত কমিটির নেতৃবৃন্দ হয়েছেন- সভাপতি- আকিল আল ফারাদি, পরিচালক- শাহীদ ফালাহী, সহ পরিচালক- মতিউর রহমান খালেদ, ট্রেজারার- মতিউর রহমান, মিডিয়া ও পাবলিসিটি- ডাঃ সালিক মুর্শেদ, অফিস সম্পাদক- আহমদ হোসাইন ও সহ. অফিস সম্পাদক: মাহফুজুর রহমান।

২য় পর্ব শুরু হয় রাউই’র শিল্পীদের পরিবেশনায় দেশের গান দিয়ে। চলতে থাকে আমন্ত্রিত অতিথিদের আলোচনা এবং ফাঁকে ফাঁকে রাউই শিল্পীদের পরিবেশনায় নাশীদ।

অনুষ্ঠানে আলোচকগণ এই মহতি উদ্যোগের ভূয়শী প্রশংসা করেন ও স্বাগত জানিয়ে বক্তারা বলেন, ইসলামী সংস্কৃতির কাজ এদেশে যা হচ্ছে তা প্রয়োজনের তুলনায় খুবই নগন্য। আমাদের প্রতিটি সিটিতে একেকটি গ্রুপ সৃষ্টি করা দরকার। রাউইর সাথে সম্পৃক্ত শিল্পীরা একেকজন অত্যন্ত যোগ্যতা সম্পন্ন মানুষ। এতদিন ছড়িয়ে ছিটিয়ে ছিলেন, আশা করছি রাউইর মাধ্যমে তাঁরা কোয়ালিটি সম্পন্ন কাজ উম্মাহকে উপহার দিবেন।

এসময় আলোচনায় অংশ নেন, বৃটেনে বাংলাদেশী কমিউনিটির অত্যন্ত জনপ্রিয় শিল্পী আলাউর রহমান, ম্যাসেজ কালচারাল গ্রুপের সাবেক পরিচালক বিশিষ্ট চ্যারিটি অর্গানাইজার ও কমিউনিটি ব্যাক্তিত্ব আক্তার হোসাইন কাউছার, ম্যাসেজ কালচারাল গ্রুপের সাবেক পরিচালক

জনপ্রিয় শিল্পী মোহাম্মাদ আলী সহ অনেকেই। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রাউই পরিচালক লন্ডনের জনপ্রিয় গীতিকার, সুরকার ও শিল্পী শাহীদ ফালাহী।

এছাড়াও রাউইর অভিষেক অনুষ্ঠানে বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে রাউয়ী কে স্বাগত জানিয়ে বিশষ ভিডিও বার্তা প্রেরণ করেন বিশিষ্ট শিল্পী, সুরকার ও গীতিকার চৌধুরী গোলাম মাওলা, সুদূর কানাডা থেকে বিশিষ্ট শিল্পী খন্দকার রাশিদুল হাসান তপন, বিশিষ্ট সাংবাদিক কবি ও রাউইর থীম গানের রচয়িতা নাসির মাহমুদ এবং বিশিষ্ট সাংস্কৃতিক ব্যাক্তিত্ব ও সাইমুম শিল্পী গোষ্ঠীর সাবেক পরিচালক নোমান আল আজামী।

অভিষেক অনুষ্ঠান ও নাশীদ সন্ধ্যায় বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে উপস্থিত ছিলেন, টিভি ওয়ানের পার্টনার গোলাম রাসূল, ইসলাম চ্যানেল থেকে হেড অব প্রোগ্রাম তাওহিদুল করিম মুজাহিদ, সাংবাদিক আকবর হোসেন, কমিউনিটি নেতা আব্দুল মুনিম ক্যারল, কমিউনিটি নেতা আব্দুল্লাহ আল মুনিম, শিল্পী মুহাম্মদ নুরুজ্জামান, শিল্পী আবু তাহের আজিজ ও শিল্পী এনাম আহমদ প্রমুখ। রাউইর শিল্পীদের মধ্যে উপস্থিত ছিলেন শাহীদ ফালাহী, মতিউর রহমান খালেদ, আকিল আল ফারাদী, মতিউর রহমান, ডাঃ সালেক মুর্শেদ, আহমদ হোসাইন ও হাফিজ মাহফুজুর রহমান।

প্রোগ্রামের চিত্রধারনে ছিলেন ইসলামিক চ্যানেল বাংলার মিসবাহ মাহফুজুর রহমান ও মিনহাজ । অনুষ্ঠানটি উৎসর্গ করা হয় ইসলামী সাংস্কৃতিক আন্দোলনের অন্যতম প্রাণপুরুষ, জীবন্ত কিংবদন্তি, প্রখ্যাত গীতিকার, সুরকার ও শিল্পী চৌধুরী গোলাম মাওলাকে। তিনি বিগত বেশ কিছু দিন যাবৎ অসুস্থ। অনুষ্ঠানে আগত সবার কাছে তাঁর জন্য দোয়া কামনা করা হয়।